**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।
www.youth.narail.gov.bd

স্মারক নং- ৩৪.০১.৬৫০০.০০০০.১৮.০০১.১৩- ৬৬১ তারিখ: ৩০/১১/২০২৩ খ্রিঃ

# ভর্তি বিজ্ঞপ্তি

এত দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল জেলা কার্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ অর্থ বছরের নিম্ন লিখিত কোর্স সমূহের ১নং ক্রমিকের ৩য় ব্যাচ এবং ২ হতে ৫নং ক্রমিকের ২য় ব্যাচে ভর্তির নিমিত্তে নিম্নের সময় সূচী মোতাবেক আগ্রহী ১৮থেকে ৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব মহিলাদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | কোর্সের নাম ও মেয়াদ | দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ | সাক্ষাৎকার গ্রহনের তারিখ | ফলাফল প্রকাশের তারিখ | ভর্তির তারিখ | প্রশিক্ষণ শুরুর তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১। | পোশাক তৈরী<br>৩ (তিন) মাস | ২৪ ডিসেঃ, ২০২৩<br>(অফিস চলাকালীন) | ২৬ ডিসেঃ, ২০২৩<br>(সকাল ১০ টা) | ২৬ ডিসেঃ ২০২৩<br>(বিকাল ০৫ টা) | ৩১ ডিসেঃ ২০২৩<br>(অফিস চলাকালীন) | ০১ জানুয়ারি, ২০২৪ |
| ২। | মৎস্য চাষ ১ (এক) মাস | ২৪ ডিসেঃ, ২০২৩<br>(অফিস চলাকালীন) | ২৬ ডিসেঃ, ২০২৩<br>(সকাল ১০ টা) | ২৬ ডিসেঃ ২০২৩<br>(বিকাল ০৫ টা) | ৩১ ডিসেঃ ২০২৩<br>(অফিস চলাকালীন) | ০১ জানুয়ারি, ২০২৪ |
| ৩। | রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং<br>৬ (ছয়) মাস | ২৪ ডিসেঃ, ২০২৩<br>(অফিস চলাকালীন) | ২৭ ডিসেঃ, ২০২৩<br>(সকাল ১০ টা) | ২৭ ডিসেঃ ২০২৩<br>(বিকাল ০৫ টা) | ৩১ ডিসেঃ ২০২৩<br>(অফিস চলাকালীন) | ০১ জানুয়ারি, ২০২৪ |
| ৪। | ইলেকট্রনিক্স<br>৬ (ছয়) মাস | ২৪ ডিসেঃ, ২০২৩<br>(অফিস চলাকালীন) | ২৭ ডিসেঃ, ২০২৩<br>(সকাল ১০ টা) | ২৭ ডিসেঃ ২০২৩<br>(বিকাল ০৫ টা) | ৩১ ডিসেঃ ২০২৩<br>(অফিস চলাকালীন) | ০১ জানুয়ারি, ২০২৪ |
| ৫। | ইলেট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং<br>৬ (ছয়) মাস | ২৪ ডিসেঃ, ২০২৩<br>(অফিস চলাকালীন) | ২৭ ডিসেঃ, ২০২৩<br>(সকাল ১০ টা) | ২৭ ডিসেঃ ২০২৩<br>(বিকাল ০৫ টা) | ৩১ ডিসেঃ ২০২৩<br>(অফিস চলাকালীন) | ০১ জানুয়ারি, ২০২৪ |
| ৬। | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন ৬ (ছয়) মাস | ২৪ ডিসেঃ, ২০২৩<br>(অফিস চলাকালীন) | ২৮ ডিসেঃ, ২০২৩<br>(সকাল ১০ টা) | ২৮ ডিসেঃ ২০২৩<br>(বিকাল ০৫ টা) | ৩১ ডিসেঃ ২০২৩<br>(অফিস চলাকালীন) | ০১ জানুয়ারি, ২০২৪ |

## ভর্তির শর্তাবলী

০১। প্রার্থীকে নির্ধারিত ফরমে উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল বরাবর স্বহস্তে একাডেমিক সনদ অনুযায়ী আবেদন পূর্বক, আবেদনপত্র উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দূর্গাপুর, নড়াইল অথবা স্বস্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে নির্ধারিত তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা দিতে হবে। (উল্লেখ্য ভর্তি ফরম নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর বা স্বস্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে অথবা www.youth.narail.gov.bd এই ওয়েব সাইট পাওয়া যাবে)।

০২। প্রার্থীর বয়স ২৪/১২/২০২৩ খ্রি: তারিখে ১৮থেকে ৩৫ বছর হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

০৩। যুব সংগঠন কর্তৃক মনোনিত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেওয়া হবে।

০৪। প্রার্থীকে অবশ্যই বেকার যুবক/যুব মহিলা হতে হবে।

০৫। প্রার্থীকে কম্পিউটার ট্রেডে উচ্চ মাধ্যমিক পাশ এবং অন্যান্য টেডে ৮ম শ্রেণী পাশ হতে হবে।

০৬। দরখাস্তের সাথে জমা দিতে হবে :-
ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
খ) স্থানীয় মেয়র/চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট ও ২ (দুই) কপি স্টাম্প সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।

০৭। **দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিষ্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।**

০৮। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

০৯। সাক্ষাৎকার/লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা ক্রমানুসারে ভর্তি করা হবে।

১০। ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, **Facebook** আইডি, **Whats app no** ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

১১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় কোর্স ফি বাবদ পোশাক তৈরী প্রশিক্ষণ কোর্সে ৫০/-(পঞ্চাশ) টাকা, কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন কোর্সে ১০০০/- (এক হাজার) ও ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং প্রশিক্ষণ কোর্সে ৩০০/- (তিনশত) টাকা (অফেরতযোগ্য) হারে জমা দিতে হবে।

১২। প্রশিক্ষণ ট্রেডসমূহ সম্পূর্ণ অনাবাসিক।

১৩। রাজস্বভুক্ত অনাবাসিক ট্রেডের প্রশিক্ষণার্থীদের প্রাপ্য যাতায়াত ভাতা বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে (কম্পিউটার ট্রেড ব্যতীত) ।

১৪। স্বাক্ষাৎকার গ্রহনের দিন মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

১৫। প্রত্যেক প্রক্ষিণার্থীকে কেন্দ্রের নিয়ম- শৃঙ্খলা মেনে চলতে হবে এবং প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

৩০/১১/২০২৩
(সঙ্গীত কুমার দাস)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।
ফোন : ০২৪৭৭৭৭৩৬৮৬

স্মারক নং- ৩৪.০১.৬৫০০.০০০০.১৮.০০১.১৩-৬৬১ তারিখ: ৩০/১১/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রশাসক, নড়াইল।
৩। পুলিশ সুপার, নড়াইল।
৪। জেলা মৎস্য কর্মকর্তা / জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা / উপপরিচালক সমাজসেবা অধিদপ্তর / উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল।
৫। ডেপুটি কো-অডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল।
৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল।
৭। নোটিশ বোর্ড, যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।
৮। অফিস কপি।

৩০/১১/২০২৩ খ্রিঃ
(এ.এম. সাইফুল আনাম)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।